

দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬, কাওরান বাজার, ঢাকা।

নথি নং-পপঅ/সিসিএসডিপি/ইউএনএফপিএ/জনবল নিয়োগ/২৮৫/২০১৮/২২৭৪

তারিখ : ১৮/০৯/২০১৮খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি) অপারেশনাল প্ল্যানের আওতায় ইউএনএফপিএ-এর অর্থায়নে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (PPFP), গর্ভপাত পরবর্তী পরিবার পরিকল্পনা (PAC-FP), মাসিক নিয়মিতকরণ পরবর্তী পরিবার পরিকল্পনা (Post-MR-FP) ও পরিবার পরিকল্পনার অপূর্ণ চাহিদা (Unmet Need) হ্রাস করে মানসম্পন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদান এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধিকল্পে Family Planning Counselor নিয়োগের নিমিত্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী (মহিলা) নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম : **Family Planning Counselor**

পদের সংখ্যা : ১২ (বার)টি।

দায়িত্ব ও কর্তব্য :

- বিশ্বস্বাস্থ্য সংস্থা কর্তৃক অনুমোদিত Medical Eligibility Criteria (MEC) এর আলোকে প্রসব পরবর্তী সময়ে আধুনিক ও মানসম্পন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদান নিশ্চিত করা।
- স্বাস্থ্য কেন্দ্রে গাইড লাইন অনুযায়ী মানসম্পন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদান নিশ্চিত করা।

নিম্নলিখিত বিষয় সমূহ কাউন্সেলিং করতে হবে :

- সেবা কেন্দ্রে মহিলাদের প্রসবের পূর্বে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা (PPFP) সেবা সম্পর্কে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।
- এএনসি কর্ণার (ANC Corner) এবং হাসপাতালের ইপিআই কক্ষে গর্ভকালীন পরিচর্যার সময় গর্ভবতী মহিলাদের কাউন্সেলিং এর মাধ্যমে (PPFP) সেবা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে।
- প্রসব কালীন সময়ে হাসপাতালের এ এন সি ও ই পি আই কক্ষে গর্ভবতী মহিলাদের তাদের পছন্দ অনুযায়ী (মহিলার নিজের জন্য শুধুমাত্র প্রজেস্টেরোন সমৃদ্ধ খাবার বড়ি-POP, আইইউডি, ইমপ্ল্যান্ট, টিউবেকটমী অথবা স্বামীর জন্য কনডম, এনএসডি) পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে।
- প্রসব কালীন সময়ে গর্ভবতী মহিলাদের (যারা দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহণে আগ্রহী নয়) তাদের পছন্দ অনুযায়ী স্বল্পমেয়াদী পদ্ধতি : ল্যাম, কনডম, শুধুমাত্র প্রজেস্টেরোন সমৃদ্ধ খাবার বড়ি (POP) সমন্ধে কাউন্সেলিং করতে হবে এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে।
- প্রয়োজনে ইসিপি বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে।

- প্রসবকালীন সময়ে গর্ভবতী মহিলাদের প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য প্রদানের জন্য লেবার ওয়ার্ড ও লেবার রুম নিয়মিত পরিদর্শন করতে হবে।
- প্রশিক্ষণ প্রাপ্তির ভিত্তিতে স্বাভাবিক প্রসবের পরপরই গ্রহনকারীর চাহিদা স্বাপেক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত সেবাদানকারীর কাছে রেফার করতে হবে ও সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে সময় সাধন পূর্বক সংশ্লিষ্ট কেন্দ্রে পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনায় সহায়ক পরিবেশ সৃষ্টি করতে হবে।
- জেলা সদর হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে তথ্য সংগ্রহ পূর্বক রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ করতে হবে।
- উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সময় সাধন পূর্বক জেলা সদর হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদানের নিমিত্তে Imprest Fund, লজিস্টিক এর সরবরাহ নিশ্চিত করতে হবে।

যোগ্যতা :

Diploma in Midwifery/Diploma in Nursing Science & Midwifery কোর্স (৩ বছর মেয়াদী) উত্তীর্ণ এবং BNMC কর্তৃক স্বীকৃত যোগ্যতাসম্পন্ন। কম্পিউটার পরিচালনা, ই-মেইল আদান প্রদান, ইন্টারনেট ব্রাউজিং এর দক্ষতা থাকতে হবে। পরিবার পরিকল্পনা, প্রজনন এবং মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রমে অভিজ্ঞ এবং সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর।

কর্মস্থল : রাদামাটি, মৌলভীবাজার, পটুয়াখালী, জামালপুর, সিরাজগঞ্জ ও নোয়াখালী জেলার জেলা সদর হাসপাতাল এবং নির্বাচিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহ।

মাসিক বেতন : সর্বসাকুল্যে ২৪,৭০০/- (চব্বিশ হাজার সাতশত টাকা) এবং উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা ও পাহাড়ী এলাকার জন্য পাহাড়ী ভাতা।

অন্যান্য সুবিধা : কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে বাৎসরিক ৫-১০% বেতন বৃদ্ধির সুবিধা।

আগ্রহী প্রার্থীগণকে হালনাগাদ বায়োডাটা, পাসপোর্ট সাইজের ছবি এবং প্রয়োজনীয় সার্টিফিকেট সহ আবেদন আগামী ০৪/১০/২০১৮খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে বর্ণিত ই-মেইলে (jobs.ccsdp@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।



ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ

লাইন ডাইরেক্টর

ক্লিনিক্যাল কন্ট্রোল সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।